



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
প্রশিক্ষণ-৩ শাখা
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd



স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০৪.০০৭.২০.৫

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২৭

০৮ জুলাই ২০২০

বিষয়: নন-ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনয়াদি প্রশিক্ষণ কোর্স অনলাইনে আয়োজন প্রসঙ্গ।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত নন-ক্যাডার কর্মকর্তাদের দু'মাস মেয়াদী বিশেষ বুনয়াদি কোর্সের (৬ষ্ঠ ও ৭ম ব্যাচ) অনলাইন প্রশিক্ষণ কোর্স আগামী ১৬ আগস্ট, ২০২০ হতে ১৫ অক্টোবর, ২০২০ তারিখ মেয়াদে অনুষ্ঠিত হবে। মনোনয়নের সুবিধার্থে কোর্সের মৌলিক তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:

(১)	কোর্সের উদ্দেশ্য	: ৯ম বা তদুর্ধ্ব শ্রেণীর নন-ক্যাডার কর্মকর্তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের কল্যাণে নিবেদিতপ্রাণ কর্মী হিসেবে গড়ে তোলা।
(২)	প্রশিক্ষণার্থীর পর্যায়	: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থার ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা।
(৩)	পাঠ্যক্রম ফি	: ভ্যাট ও আইটি ব্যতীত জনপ্রতি ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র। কোর্স ফি কোর্স শুরুর পূর্বে 'মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' বরাবর নগদ অথবা ক্রেসড চেক এর মাধ্যমে প্রদেয়। উক্ত কোর্স ফির মধ্যে প্রশিক্ষণার্থীদের বুক এ্যালাউন্স এবং ইন্টারনেট ব্যয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ অন্তর্ভুক্ত।
(৪)	পাঠ্যসূচি	: কোর্সে ০৬টি মুখ্য বিষয়ে নিম্নোক্ত মোট ২১টি মডিউলের আওতায় আনুমানিক ২৪০টি সেশন পরিচালনা করা হবেঃ

Major Area	Module
1. Bangladesh studies	Module-1: Introducing Bangladesh
b) Public administration	Module-2: Constitution and Government System
	Module-3: Leadership and Change Management
	Module-4: Local government and Public Management
	Module-5: Ethics and Etiquette
	Module-6: Human Resource Management
c) Management process	Module-7: Office Management and Service Rules
	Module-8: Financial Rules and Procedures
	Module-9: Basics of Economics
d) development studies	Module-10: Development Planning and Project Management
	Module-11: Research Methodology
	Module-12: Globalization
	Module-13: Sustainable Development and Environment
	Module-14: Gender and Child Rights
e) Skill development	Module-15: English Language Skills
	Module-16: Information and Communication Technology (ICT)
	Module-17: Book Review
f) Relevant Modules	Module-18: Village study
	Module-19: Extension Lectures
	Module-20: Syndicate Work / Exercise
	Module-21: Term Paper / Assignment

(৫)	পাঠ্যক্রমের মেয়াদ	: ১৬ আগস্ট, ২০২০ - ১৫ অক্টোবর, ২০২০ (৬০ কর্মদিবস)।
(৬)	পাঠ্যক্রমের সময়	: সপ্তাহে ০৬ দিন, সন্ধ্যা ৬.০০ টা - রাত ৯.০০ টা।
(৭)	প্রশিক্ষণার্থীর সংখ্যা	: ৬০ জন (ব্যাচ প্রতি ৩০ জন)।
(৮)	মনোনয়নের শেষ তারিখ	: ০৯ আগস্ট, ২০২০।
(৯)	পাঠ্যক্রমের প্রকৃতি	: কোর্সটি অনাবাসিক এবং অনলাইনভিত্তিক।

(১০) কোনো ভাইরাসের ব্যাপক সংক্রমণের কারণে বর্তমানে অধিকাংশ মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থার কার্যক্রম ২৫% কর্মকর্তা দিয়ে রোস্টার ভিত্তিতে পরিচালিত হচ্ছে। কোভিড-১৯ জনিত মহামারির কারণে অনলাইনে কোর্স পরিচালনার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে উক্ত প্রশিক্ষণ কোর্সে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক কর্মকর্তা মনোনয়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী বা কোর্স সমন্বয়কারী জনাব মোহাম্মদ জিয়াউর রহমান, সহযোগী প্রশিক্ষক, মোবাইলঃ ০১৭১৭-১৬০৪০৮ (ই-মেইল: ziaurcu97@gmail.com) এবং কোর্স সমন্বয়কারী জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহযোগী প্রশিক্ষক, মোবাইলঃ ০১৬৮৮-৭৩৮২৮৩ (ই-মেইল: siraz04cu@gmail.com) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি এপস (NAPD Apps) গুগল প্লে-স্টোর থেকে ডাউনলোড করা যাবে। এ আসন্ন কোর্সসমূহ হতে Special Foundation Training Course for Non-Cadre Officers কোর্সের "ENROLLMENT" বাটনে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে Submit করা যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিয়োক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হলঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	কর্মস্থলের ঠিকানা	ফোন নম্বর	মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা
-----------	-----------------------	-------------------	-----------	--------------	---------------

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১-৭-২০২০

মোহাম্মদ হাসান তারিক
পরিচালক

বিতরণ :

১) জেলা প্রশাসক,

চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/বিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/সুনামগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/ঝালকাঠি/নাটোর/রাঙ্গামাটি/কক্সবাজার/বাপেশ্বর/হাট/মগ

২) সিনিয়র সচিব/সচিব (সকল)

৩) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম

৪) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়

৫) রেজিস্টার/মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান



১১-৭-২০২০

মোঃ সিরাজুল ইসলাম
সহযোগী প্রশিক্ষক-৩